

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৪৮

৮. পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ওয়ু করে রাত্রি যাপন করবে, তার ঘুম থেকে জাগ্রত হওয়ার সময় ফেরেস্তা তার জন্য ইস্তিগফার করেন

ذِكْرُ اسْتِغْفَارِ الْمَلَكِ لِلْبَائِتِ مُتَطَهِّرًا عِنْ اسْتِيقَاظِهِ

আরবী

1048 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ صَالِحٍ بْنِ ذَرِيْحٍ بِعُكْبَرًا حَدَّثَنَا أَبُو عَاصِمٍ أَحْمَدُ بْنُ جَوَاسِ الْحَنَفِيُّ حَدَّثَنَا أَبْنُ الْمُبَارَكِ عَنِ الْحَسَنِ بْنِ ذَكْوَانَ عَنْ سُلَيْمَانَ الْأَحْوَلِ عَنْ عَطَاءِ عَنْ أَبْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ بَاتَ طَاهِرًا بَاتَ فِي شِعَارِهِ مَلَكٌ فَلَمْ يَسْتَيْقِظْ إِلَّا قَالَ الْمَلَكُ: اللَّهُمَّ اغْفِرْ لِعَبْدِكَ فُلَانٍ فَإِنَّهُ بَاتَ طَاهِرًا)

الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1048 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

১০৪৮. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি পবিত্রতা অর্জন করে রাত্রি যাপন করে, তবে ফেরেস্তা তার পোশাকে রাত্রি যাপন করেন, অতঃপর যখন সে জাগ্রত হয়, ফেরেস্তা বলেন, “হে আল্লাহ, আপনি ওমুক ব্যক্তিকে ক্ষমা করে দিন, কেননা সে পবিত্র অবস্থায় রাত্রি যাপন করেছে।”[1]

ফুটনোট

[1] বায়ার: ২৮৮; সুযুতী, আল জামি'উল কাৰীর: ৭৫৮ পৃষ্ঠা; হাইসার্মী, মাজমা'উয় যাওয়াইদ: ১১/২২৬; মুসনাদ  
আহমাদ: ৪/১১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুল্লাহ আলবানী  
রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৪।)

হাদিসের মান: **সহীহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90361>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন